গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন ৭ম তলা, ঢাকা।

**www.roc.gov.bd**

নং-২৬.০৬.০০০০.০০১.১৮.০০৫.১৬/ ২৫০৭

তারিখঃ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
২১ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

# নোটিশ

এতদদ্বারা সম্মানিত আইনজীবি, এফসিএ, আইটিপি, পরিচালক, কোম্পানি সচিব এবং কোম্পানির প্রতিনিধিগণকে প্রচলিত নিয়ম অনুযায়ি এ কার্যালয়ে তাদের কার্য সম্পাদনের সমর্থনে ওকালতনামা/ক্ষমতাপত্রসহ রিটার্ন/দলিল/বন্ধকের বিবরণী দাখিল করার অনুরোধ জানানো হল। একই সাথে দাখিলকৃত রিটার্ন রেকর্ডভুক্ত করার নিমিত্তে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে নিম্নবর্ণিত খাতাপত্র/দলিলাদি (দাখিলকৃত রিটার্ন/বিবরণীর ক্ষেত্রে যা প্রযোজ্য) যথাযথভাবে দাখিল ও প্রদর্শন পূর্বক কার্যসম্পাদন শেষে ফেরৎ গ্রহণের জন্য অনুরোধ জানানো হলঃ

১। শেয়ার রেজিস্টার ;
২। শেয়ার হস্তান্তর রেজিস্টার ;
৩। শেয়ার হস্তান্তর দলিল (ফরম- ১১৭, স্ট্যাম্প মূল্য সহ) ও পৃষ্ঠাংকনকৃত শেয়ার সার্টিফিকেট (রেভিনিউ স্ট্যাম্পসহ) ;
৪। কোম্পানি আইনের ৩৯ ধারামতে প্রত্যয়নপত্র, পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এর পদত্যাগপত্র (শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে);
৫। শেয়ার বরাদ্দের সমর্থনে ব্যাংক বিবরণী (শেয়ার বরাদ্দের ক্ষেত্রে) ;
৬। সাধারণ ও পরিচালক সভার নোটিশ ও রেজুলেশন বহি ;
৭। ঋণদাতা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র (শেয়ার হস্তান্তর/পরিচালকের পরিবর্তন এর ক্ষেত্রে);
৮। অনিবাসী নাগরিকদের গৃহীত শেয়ার মূল্যের বৈদেশিক মুদ্রার নগদায়ন সনদপত্র (শেয়ার হস্তান্তর ও শেয়ার বরাদ্দের ক্ষেত্রে) ;
৯। অফার লেটার ও অনাপত্তি পত্র (শেয়ার হস্তান্তর ও শেয়ার বরাদ্দের ক্ষেত্রে);
১০। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশনের অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
১১। বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) এর অনাপত্তি পত্র (বিটিআরসি হতে লাইসেন্স প্রাপ্ত কোম্পানির শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে);
১২। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
১৩। তাছাড়া সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা মোতাবেক তথ্যাদি/দলিলপত্র।

২০.০১.২০১৬

(মোঃ আতিকুর রহমান খান)
নিবন্ধক

বিতরণঃ
১. নোটিশ বোর্ড।
২. ওয়েব সাইট।